# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৬৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ এক সাহারী থেকে আরেক সাহারী পর্যন্ত বিসাল করা বৈধ মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْوِصَالَ الْمَنْهِيَّ عَنْهُ يُبَاحُ لِلْمَرْءِ اسْتِعْمَالُهُ مِنَ السَّحَرِ إِلَى السَّحَرِ

আরবী

3569 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي حَيْوَةُ وَعُمَرُ بْنُ مَالِكٍ وَذَكَرَ عُمَرُ آخَرَ مَعَهُمَا عَنِ ابْنِ الْهَادِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ خَبَّابٍ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم: أَنَّهُ نَهَى عَنْ الْوِصَالِ فَقِيلَ لَهُ: فَإِنَّكَ تُوَاصِلُ؟ قَالَ: (لَسْتُمْ كَهَيْئَتِي إِنِّي أَبِيتُ لِيَ مُطْعِمٌ يُطْعِمُنِي وساقٍ يَسقيني فَأَيُّكُمْ وَاصَلَ فمِنْ سَحَرٍ إلى سَحَرٍ)
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3569 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2044): خ.

বাংলা

৩৫৬৯. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাওমে বিসাল করতে নিষেধ করেছেন। তখন তাঁকে বলা হয়, “আপনি যে সাওমে বিসাল পালন করেন?” তিনি জবাবে বলেন, “নিশ্চয়ই তোমরা আমার মতো নই। নিশ্চয়ই আমি ঘুমাই আর তখন আমার জন্য একজন পানাহার দানকারী থাকেন, তিনি আমাকে পানাহার করান। কাজেই তোমাদের মাঝে যে ব্যক্তি সাওমে বিসাল পালন করতে চায়, সে যেন এক সাহারী থেকে আরেক সাহারী পর্যন্ত বিসাল করে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২০৭৩; মুসনাদ আহমাদ: ৩/৮; দারেমী: ২/৮; সহীহুল বুখারী: ১৯৬৩; আবূ দাঊদ: ২৩৬১; সুনান বাইহাকী: ২/২৮২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৭৫৫; আবূ ইয়ালা: ১১৩৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92903

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন